# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) অবহিতকরণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০৫/১২/২০২১ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ট্রাস্টের কর্মকর্তা, কর্মচারী ও অংশীজনদেরকে (Stakeholders) স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হলো নাগরিক এবং সেবা দাতাদের মধ্যকার একটি চুক্তি (Agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এই সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি ও কর্মকর্তা কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। অত:পর সভাপতি সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সভার আলোচ্যসুচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করার অনুরোধ জানান।

০২। ট্রাস্টের সচিব (উপসচিব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা ট্রাস্টের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত Power Point Presentation উপস্থাপন করেন এবং তিনি ট্রাস্টের বিভিন্ন সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য ও সেবা প্রদানের সময়সীমা সম্পর্কে অংশীজনদেরকে (Stakeholders) অবহিত করেন। তিনি সভায় উপস্থিত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদেরকে (প্রজন্ম) পরামর্শমূলক বক্তব্য উপস্থাপনের আহবান জানান।

০৩। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা আনোয়ার হোসেন পাহাড়ী, বীরপ্রতীক এ ধরণের সভা আয়োজন করায় ব্যবস্থাপনা পরিচালকসহ ট্রাস্টের অনান্য কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি বলেন এখন বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট থেকে রাষ্ট্রীয় সম্মানি ভাতাপ্রাপ্ত সকল বীর মুক্তিযোদ্ধা/পরিবারবর্গকে আগের চেয়ে উন্নতমানের সেবা প্রদান করা হচ্ছে। তিনি আরও বলেন, সাধারণ বীর মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধি করা হলেও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধি করা হয়নি। তিনি ভাতা বৃদ্ধির বিষয়টি তরান্বিত করার জন্য অনুরোধ জানান। সভাপতি বলেন, যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। অতি শ্রীঘ্রই তা বাস্তবায়ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

০৪। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আব্দুল্লাহ, বীরপ্রতীক সভায় ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত অন্যান্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, বীর মুক্তিযোদ্ধাদের ভাতা ও রেশনসহ অন্যান্য সকল কার্যক্রম মূলত: ট্রাস্টের কল্যাণ বিভাগের মাধ্যমে হয়ে থাকে। পূর্বে কল্যাণ বিভাগটি গুলিস্তান ভবনে থাকায় সেখানে একটি দালাল চক্র সক্রিয় ছিলেন।

চলমান পাতা-০২

ফলে দূর-দুরান্ত থেকে আগত সেবা প্রত্যাশীগণ অনেক সময় হয়রানির স্বীকার হতেন। বর্তমান ব্যবস্থাপনা পরিচালক আসার পরে কল্যাণ বিভাগটি গুলিস্তান ভবন হতে ট্রাস্ট প্রধান কার্যালয়ে স্থানান্তর করায় তাদের অনেক সমস্যার দূর হয়েছে। এ জন্য তিনি আবারও ব্যবস্থাপনা পরিচালককে ধন্যবাদ জানান।

০৫। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবু তাহের বলেন, ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর সেনানী যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ সবাই বয়সের ভারে ন্যুজ। গ্রাম-গঞ্জ থেকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা, চিকিৎসা বিল, রেশন ইত্যাদির জন্য ঢাকায় যোগাযোগ করা তাদের জন্য খুবই কষ্টসাধ্য ব্যাপার। তাঁদের প্রাপ্য সেবাসমূহ যাতে দোরগোড়ায় পৌঁছানো যায় সে বিষয়ে বিভিন্ন নতুন নতুন কৌশল উদ্ভাবনসহ আরও যত্নবান হওয়ার জন্য ট্রাস্টের কর্মকর্তাদের প্রতি অনুরোধ জানান। রাষ্ট্রীয় সম্মানী ভাতা ও চিকিৎসা বিল যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করার ফলে ভাতা উত্তোলন সংক্রান্ত কষ্ট অনেকটা লাঘব হওয়ায় তিনি ট্রাস্ট কর্তৃপক্ষকে সকল ভাতাভোগীদের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৬। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল সেবার কার্যক্রম পরিচালনা করতে হবে;

(খ) কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, পদবি, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়মিত হালনাগাদ/ পরিবর্তন করে তথ্য বাতায়নে আপলোড করতে হবে এবং সে মোতাবেক সেবা প্রদান করতে হবে;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ ট্রাস্টের সহজে দৃশ্যমান স্থানে টাঙিয়ে রাখতে হবে;

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবশিষ্ট অবহিতকরণ সভা যথাসময়ে আয়োজন করতে হবে; এবং

(ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে অবশিষ্ট আরও ০২টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

০২। সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৮১৮১৩
md@bffwt.gov.bd

চলমান পাতা-০৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১.১৬৬২

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(০১) জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।
(০২) জনাব ছালেহ আহমেদ, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৩) জনাব আবুল কালাম আজাদ, ব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৪) জনাব মোঃ জামিল আহমেদ, বেসিক কর্মকর্তা (শিল্প ও বাণিজ্য), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৫) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৬) জনাব ফয়েজ আহমেদ খান, বেসিক কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
(০৭) জনাব শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রার (আইসিটি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, এনআইএস, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (এ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
(০৮) জনাব ..........................................................................................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সিটিজেন চার্টার), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। অফিস কপি/গার্ড ফাইল।

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ও
ফোকাল পয়েন্ট (সিটিজেন চার্টার)
ফোন:২২৩৩৫০৭৬৪
secy@bffwt.gov.bd

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে অংশীজনের (স্টেকহোল্ডারগণের) অবহিতকরণ সভায় কর্মকর্তাদের উপস্থিত স্বাক্ষর।

সভার তারিখ : ০৫/১২/২০২১ খ্রি: সময় : বেলা ০৩.০০ ঘটিকা

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | [illegible] | [signature] |
| ০২ | মো: আবু তাহের সরকার | [signature] |
| ০৩ | মো: আনোয়ার হোসেন খান | [signature] |
| ০৪ | মো: আবদুল্লাহ [illegible] | [signature] |
| ০৫ | মো: [illegible] | [signature] |
| ০৬ | মো: আতাউর রহমান (খোকন), (সন্তান) মৃত্যু মু: মু: সুলতান আহমেদ [illegible] | [signature] |
| ০৭ | [illegible] | [signature] |
| ০৮ | [illegible] (কামাল) মৃ: মুক্তিযোদ্ধার সন্তান | [signature] |
| ০৯ | রোকেয়া ([illegible] সন্তান) | রোকেয়া |
| ১০ | মো: আবু সাঈদ [illegible] সন্তান | [signature] |
| ১১ | মো: [illegible] সন্তান | [signature] |
| ১২ | মো: [illegible] উপ-প্রধান [illegible] কর্মকর্তা | [signature] ০৫/১২/২০২১ |
| ১৩ | মো: [illegible] ইসলাম [illegible] | [signature] ০৫/১২/২১ |
| ১৪ | মো: [illegible] | [signature] ০৫/১২/২১ |
| ১৫ | আবুল কালাম আজাদ, ডিজিএম (উন্নয়ন) | [signature] |
| ১৬ | মো: খোরশেদ আলম উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) [illegible] | [signature] ০৫/১২/২১ |